

JUN 06 2002

বৈদিক ইতিহাস

তারিখ:
স্বাক্ষর:
কলাম:

নকল ধরায় শিক্ষকের
ওপর হামলা ॥ পরীক্ষার্থী
জেল হাজতে

শেরপুর (বগুড়া) থেকে সংবাদ-
দাতা ॥ গত সোমবার শেরপুর শহী-
দিয়া আলিয়া মাদ্রাসা কেন্দ্রে ফাজিল
ইংরেজী পরীক্ষায় নকলের অভি-
যোগে বহিষ্কৃত এক ছাত্র শিক্ষকের
উপর হামলা করে। পুলিশ ঐ
ছাত্রকে গ্রেফতার করে জেল হাজতে
প্রেরণ করেছে। পুলিশ জানায়,
ঐ কেন্দ্রের ৪নং কক্ষ থেকে শের-
পুর উলিপুর মহিলা মাদ্রাসার সহ-
কারী শিক্ষক কামরুজ্জামান নকলের
অভিযোগে মোঃ গুরুল ইসলাম (২০)
নামের পরীক্ষার্থীকে বহিষ্কার করলে
পরীক্ষা শেষে ঐ ছাত্র তার ৭/৮
জন সহযোগী নিয়ে শিক্ষকের উপর
হামলা চালায়। পরে পুলিশ শিক্ষককে
উদ্ধার এবং ঐ ছাত্রকে গ্রেফতার
করে। এ ব্যাপারে থানায় নথিলা
হয়েছে।